দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 1 ? 1999
পৃষ্ঠা ১৩ কলাম ৪

92

# অনার্সে মৌখিক পরীক্ষা বাতিল ॥ কমপ্রিহেন্সিভ পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত

মাইনুল হাসান ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় বর্তমান শিক্ষাবর্ষ হইতে বিএ, বিএসএস ও বিএম বিষয়ে অনার্সে টিউটোরিয়াল ও মৌখিক পরীক্ষা বাতিল করিয়া কমপ্রেহেন্সিভ পরীক্ষা অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। শুধু বিএসসি অনার্সে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

(১১শ পৃঃ দ্রষ্টব্য)

## অনার্সে মৌখিক পরীক্ষা

(৩য় পৃঃ পর)

টিউটরিয়াল থাকিবে না। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সুপারিশক্রমে সিণ্ডিকেট এই সিদ্ধান্ত গ্রহণ করে। ৫ই জুলাই এই সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হইয়াছে। নির্দেশে বলা হইয়াছে যে, এখন হইতে অনার্সে ৮০০ নম্বরের পরীক্ষা ছাড়াও ১০০ নম্বরের কমপ্রেহেন্সিভ পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ৪ ঘন্টার এই পরীক্ষায় সিলেবাসের অন্তর্গত বিষয়বস্তুর সকল পত্রের উপর ২৫টি প্রশ্ন সন্নিবেশিত থাকিবে। পরীক্ষার্থীদের ২০টি প্রশ্নের উত্তর দিতে হইবে। পাস নম্বর ৩৬।